Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 03 June, 2025

ভোলার কুখ্যাত জলদস্যু সিরাজ বাহিনীর ২ ডাকাত কে কোস্টগার্ড ও পুলিশ যৌথ অভিযান চালিয়ে ৩টি দেশীয় আগ্নেয়াস্ত্র, অস্ত্র তৈরির সরঞ্জাম, ৪ রাউন্ড তাজা গোলা, ৫ রাউন্ড কার্তুজ এবং ২টি দেশীয় অস্ত্রসহ আটক।

মঙ্গলবার (৩ জুন) সকালে বাংলাদেশ কোস্টগার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার হারুন-অর-রশীদ প্রেস কনফারেন্সে এ তথ্য জানান।তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার রাত ১ টা থেকে ভোর ৫ টা পর্যন্ত বাংলাদেশ কোস্টগার্ড দক্ষিণ জোন ও বাংলাদেশ পুলিশ ভোলা জেলার সমন্বয়ে ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন খয়েরহাট বাজার সংলগ্ন এলাকায় একটি যৌথ অভিযান পরিচালনা করা হয়।অভিযানে উক্ত এলাকায় ২টি বাড়ি তল্লাশি করে অস্ত্র তৈরির কারিগর সহ দুর্ধর্ষ ডাকাত সিরাজ বাহিনীর ২ জন সদস্যকে ৩টি দেশীয় আগ্নেয়াস্ত্র, ২২ রাইফেলের ৪ রাউন্ড তাজা গোলা, ৫ রাউন্ড কার্তুজ, অস্ত্র তৈরির সরঞ্জাম এবং ২টি দেশীয় অস্ত্রসহ আটক করা হয়।

আটককৃত ডাকাত মোঃ শহীদ ও মোঃ শাহাবুদ্দিন দুজনেই ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন দক্ষিণ জয়নগর ইউনিয়নের পশ্চিম জয়নগর গ্রামের ৪নং ওয়ার্ডের বাসিন্দা।

জলদস্যু ডাকাত আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:50

URL: https://www.timestodaybd.com/public/barishal/3314992435